সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃপ্রোঃ ই-১/ সঃপ্রোঃ ই-২
- নথি

ডাইরি নং...৯০৪০...

তারিখ...২২।০৮।২৬...

রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.২৪-৯৮৫

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩৩ / ১০ আগস্ট, ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, খন্দকার নেছার আহাম্মদ (পরিচিতি নং-৬০২৩৫৫), উপবিভাগীয় প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা (প্রাক্তন উপবিভাগীয় প্রকৌশলী, ব্রাহ্মণবাড়িয়া সড়ক উপবিভাগ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে এ বিভাগের গত ০৭-০৩-২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.২৪-১০১ সংখ্যক স্মারকে ০৮/২০২৪ নং বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্ত বোর্ড গঠন করা হয় এবং তদন্ত বোর্ড কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়; এবং

যেহেতু, খন্দকার নেছার আহাম্মদ (পরিচিতি নং-৬০২৩৫৫), উপবিভাগীয় প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা বিধি মোতাবেক Measurement Book (MB)-এ স্বাক্ষর করেননি মর্মে উল্লেখ করেন এবং এর স্বপক্ষে তিনি সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করেছেন;

সেহেতু, খন্দকার নেছার আহাম্মদ (পরিচিতি নং-৬০২৩৫৫), উপবিভাগীয় প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা এর অভিযোগনামা, অভিযোগবিবরণী, কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন এবং নথি পর্যালোচনাসহ অভিযুক্ত কর্মকর্তার চাকরির বয়স (ঘটনার সময়) ও পারিপার্শ্বিকতা বিবেচনায় তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় (নং-০৮/২০২৪) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) অনুযায়ী আনীত 'অসদাচারণ' এর দায় হতে অব্যাহতি প্রদান ও সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালকে কর্মকাল হিসেবে গণ্য করা হবে এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(ড. মোহাম্মদ জিয়াউল হক)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৫.২৪-৯৮৫

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩৩ / ১০ আগস্ট, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

০৫. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তার PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৮. খন্দকার নেছার আহাম্মদ (পরিচিতি নং-৬০২৩৫৫), উপবিভাগীয় প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা
০৯. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০. উপসচিব (সওজ সংস্থাপন-১) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১১. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫. অফিস কপি